



‘নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে আইনি সহায়তা’ বিষয়ক ক্যাম্পেইন



৮ ডিসেম্বর ২০২১, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং USAID এর প্রমোটিং পিস এন্ড জাস্টিস (পিপিজে) এ্যাকাটিভেটির যৌথ আয়োজনে “নারী নির্যাতন বন্ধ করি, কমলা রঙের বিশ্ব গড়ি” স্লোগানকে সামনে রেখে ‘নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে আইনি সহায়তা’ বিষয়ক ক্যাম্পেইন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইনে প্রক্টর ড. মোস্তফা কামাল এবং আইন বিভাগের শিক্ষকবৃন্দসহ USAID এর প্রতিনিধিবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ক্যাম্পেইনের পাশাপাশি সেমিনার, কুইজ এবং স্টল অন্তর্ভুক্ত ছিলো।